**ফরেক্স রিজার্ভ এন্ড ট্রেজারী ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

**এফআরটিএমডি সার্কুলার নং - ০৩**

তারিখ ঃ **১০ কার্তিক, ১৪১৪**
**২৫ অক্টোবর, ২০০৭**

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ।

প্রিয় মহোদয়গণ,

**রপ্তানী উন্নয়ন তহবিল (Export Development Fund) প্রসঙ্গে ।**

রপ্তানী উন্নয়ন তহবিল (Export Development Fund) সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের ডিওএস সার্কুলার নং-০৫, তারিখঃ ০৩-০৪-২০০৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২. দেশের রপ্তানীমুখী শিল্পের বিকাশ ও প্রসারের চলমান ধারা অব্যাহত রাখার লক্ষ্যে রপ্তানী উন্নয়ন তহবিলের আওতায় প্রদেয় ঋণসুবিধা নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে ঃ

ক) রপ্তানী উন্নয়ন তহবিলের পরিমান মাঃডঃ ১০০.০০ মিলিয়ন থেকে বৃদ্ধি করে মাঃডঃ ১৫০.০০ মিলিয়ন এ নির্ধারণ করা হ'ল;

খ) রপ্তানী উন্নয়ন তহবিলের আওতায় বিদ্যমান রপ্তানী পন্য উৎপাদনের উপকরণাদি সাইট ভিত্তিতে আমদানীর ক্ষেত্রে একক ঋণগ্রহীতার অনুকূলে প্রদেয় ঋণসীমা মাঃডঃ ১.০০ মিলিয়ন থেকে বৃদ্ধি করে মাঃডঃ ১.৫০ মিলিয়ন এ উন্নীত করা হ'ল; এবং

গ) রপ্তানী ঋণপত্রের / চুক্তি মূল্যের (এফওবি) বিপরীতে সাইট ভিত্তিতে আমদানী ঋণপত্রের সর্বোচ্চ সীমা আমদানী নীতি আদেশ, ২০০৬-২০০৯ এ বর্ণিত সীমার মধ্যে হতে হবে।

এ সিদ্ধান্ত ০১ নভেম্বর ২০০৭ থেকে কার্যকর হবে। এ ছাড়া রপ্তানী উন্নয়ন তহবিল এর আওতায় ঋণ সহায়তা প্রদান সংক্রান্ত অন্যান্য শর্তাবলী/নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

**(মোঃ বেলায়েত হোসেন)**
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৭১২০৩৫৭ ।